

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

০২ বৈশাখ ১৪২৭  
তারিখ: -----  
১৫ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ক্রেডিট কার্ডের উপর সুদ হিসাবায়ন প্রসঙ্গে।**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখঃ ০৪ এপ্রিল ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে নভেল করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে যে সকল ক্রেডিট কার্ড গ্রাহকের বকেয়া বিল পরিশোধের শেষ তারিখ ১৫ মার্চ ২০২০ বা তার পরে সে সকল ক্ষেত্রে গ্রাহক কর্তৃক প্রদেয় বিল নির্ধারিত সময়ে পরিশোধ না করার ক্ষেত্রে কোন বিলম্ব ফি/চার্জ/ দন্ড সুদ/ অতিরিক্ত মুনাফা বা অন্য কোন ফি/চার্জ (যে নামেই অভিহিত হোক না কেন) আদায় করা যাবে না মর্মে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক অপরিশোধিত ক্রেডিট কার্ড বিলের উপর মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপ করছে। এর ফলে, গ্রাহক কর্তৃক অতিরিক্ত সুদ প্রদান করতে হচ্ছে/হবে যা বর্তমান সঙ্কটময় পরিস্থিতিতে গ্রহণযোগ্য নয়। এ প্রেক্ষিতে ক্রেডিট কার্ড বিলের উপর ১৫ মার্চ ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত দৈনিক/মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপ না করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে। তাছাড়া, ১৫ মার্চ ২০২০ তারিখ হতে যে সকল গ্রাহকের ক্রেডিট কার্ডের বিলের ওপর দৈনিক/মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপ/আদায় করা হয়েছে সে সকল গ্রাহকের হিসাবে অতিরিক্ত আরোপিত/আদায়কৃত সুদ সমন্বয়/ফেরত প্রদান করার জন্যও আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা ১৫ মার্চ ২০২০ তারিখ হতে কার্যকর হবে এবং ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নুরুল আলম)  
উপমহাব্যবস্থাপক)  
ফোনঃ ৯৫৩০৩৫৯